

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০১.০১৯.০০.০০.০২২.২০১৪- (৬) ১


১৫ জ্যৈষ্ঠ, ১৪২১
তারিখঃ -----
২৯ মে, ২০১৪

বিষয়ঃ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারদের বদলির নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

সূত্রঃ প্রাশিঅ/৩-সি/১/প্রাই (প্রশা)/২০১৪/২৬৩, তারিখ- ০৬/৩/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারদের বদলির নীতিমালা নিম্নোক্তভাবে সংশোধনের জন্য নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলোঃ

বিদ্যমান নীতিমালা	সংশোধিত নীতিমালা
প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৮০৮৮/৭, তারিখ- ০২/৮/২০০১ এর (৬)(১) অনুচ্ছেদের বিধানঃ সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারদের বদলির ক্ষমতা মহাপরিচালকের উপর ন্যস্ত থাকবে। তাঁদের নিজ জেলায় পদায়ন করা যাবে না।	সংশোধিত বিধানঃ বিভাগীয় উপপরিচালকগণ দ্বীয় অধিক্ষেত্রের মধ্যে সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারদের বদলির করতে পারবেন। আন্তঃবিভাগ বদলি ক্ষেত্রে অধিদপ্তরের প্রস্তাব দাখিল করা হবে। তাঁদের এক টার্ম অর্থাৎ তিন বছরের জন্য নিজ জেলায় পদায়ন করা যাবে। তবে কোন অবস্থাতে নিজ উপজেলা/থানায় পদায়ন করা যাবে না। তিন বছর পর অন্য জেলায় বদলি করা হবে এবং এরূপ দুই টার্ম অর্থাৎ ছয় বছর তিনি নিজ জেলার বাহিরে পদায়িত থাকবেন। এরপর পুনরায় তাঁকে তিন বছরের জন্য নিজ জেলায় পদায়ন করা যাবে।


(রবেকা সুলতানা)

সিনিয়র সহকারী সচিব (প্রশা-১)

ফোন: ৯৫৭১৮০১

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ২। অফিস কপি।